

২০২১

বাংলা — সাধারণ

তৃতীয় পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) ‘পূর্ব ও পশ্চিম’ প্রবন্ধ অনুসরণে রবীন্দ্রনাথের ইতিহাস ভাবনার পরিচয় দাও। ১৫
- অথবা,
- (খ) রবীন্দ্রনাথের ‘কেকাধ্বনি’ প্রবন্ধটির একটি রসগ্রাহী আলোচনা করো। ১৫
- ২। (ক) রবীন্দ্রনাথের ‘রাজা ও রাণী’ নাটকের রাজা বিক্রমদেবের চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫
- অথবা,
- (খ) রবীন্দ্রনাথের লেখা ‘রাজা ও রাণী’ নাটকটির নামকরণের সার্থকতা বিচার করো। ১৫
- ৩। (ক) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ‘পুঁইমাচা’ গল্পের ক্ষেত্র চরিত্রটির নির্মাণে লেখকের দক্ষতা বিচার করো। ১৫
- অথবা,
- (খ) নরেন্দ্রনাথ মিত্রের ‘চড়াই-উৎরাই’ গল্পটি ছোটগল্প হিসেবে কতটা সার্থক হয়েছে তা আলোচনা করে দেখাও। ১৫
- ৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।
- (ক) “করণায় মমতায় সে যেন দেবীই হইয়া উঠিয়াছে” — কোন গল্পের অন্তর্গত? কোন প্রসঙ্গে এ কথা বলা হয়েছে? উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩
- (খ) “মানুষের সমুদ্রের, ঝড়ের উত্তাল সমুদ্রের সঙ্গে লড়া যায় না” — কোন প্রসঙ্গে কার ভাবনা এখানে প্রতিফলিত? প্রসঙ্গটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩
- ৫। (ক) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসের মতিবিবি চরিত্রটি আলোচনা করো। ১৫
- অথবা,
- (খ) বঙ্কিমচন্দ্রের ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে প্রকৃতির ভূমিকা ও গুরুত্ব বিচার করো। ১৫
- ৬। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।
- (ক) “যদি শাস্ত্র বুঝিয়া থাকি, তবে তীর্থদর্শনে যে রূপ পরকালের কর্ম হয়, বাটা বসিয়াও সে রূপ হইতে পারে” — বক্তা কে? তিনি কার উদ্দেশে এ কথা বলেছেন? অংশটির তাৎপর্য নির্ণয় করো। ১+১+৩

Please Turn Over

- (খ) “তুমি অধম-তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?” — কে বলেছেন, অংশটির তাৎপর্য নিরূপণ করো। ১+৪
- (গ) “পরশপাতরের স্পর্শে রাঙ্গাও সোনা হয়” — উক্তিটি কার? পরশপাথর কী? উপন্যাসে এর কোনো তাৎপর্য আছে কি? ১+১+৩
- (ঘ) “যদি জানিতাম যে, স্ত্রীলোকের বিবাহ দাসীত্ব, তবে কদাপি বিবাহ করিতাম না” — এ কথা কে বলেছেন? অংশটির মূল বক্তব্য বিশ্লেষণ করো। ১+৪
- ৭। (ক) ‘পল্লীসমাজ’ উপন্যাসে বিশ্বেশ্বরীর চরিত্র চিত্রণে শরৎচন্দ্রের কৃতিত্বের পরিচয় দাও। ১৫

অথবা,

- (খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত ‘পল্লীসমাজ’ উপন্যাসে অবলম্বনে তৎকালীন গ্রামবাংলার সমাজজীবনের একটি যথাযথ বিবরণ দাও। ১৫

৮। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

- (ক) “তুমি ছকুম করলে আসামী হয়ে জ্যাল খাটতে পারি, ফেরিদি হব কোন্ কালামুয়ে?” — উক্তিটি কার? প্রসঙ্গসহ বক্তব্যটি বুঝিয়ে দাও। ১+৪
- (খ) “হা ভগবান। কোথায় সেই চরিত্র? কোথায় সেই জীবন্ত ধর্ম আমাদের এই সমস্ত প্রাচীন নিভৃত গ্রামগুলিতে?” — কার উক্তি? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪
- (গ) “জাত কারুর হাতে গড়া জিনিস নয়, সে যেখানে জন্মেছে সেই তার ভালো” — কে, কাকে এই কথা বলেছিল? উক্তির মধ্য দিয়ে বক্তার মনোভাবের পরিচয় দাও। ১+১+৩
- (ঘ) “তোমার আদেশই মাথায় তুলে নিলাম জ্যাঠাইমা” — কে, কখন, কাকে এ কথা বলেছেন? জ্যাঠাইমার আদেশ কী ছিল? ১+১+১+২